প্রাপক,

জনাব.......................................

সদস্য হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটি কুষ্টিয়া পৌরসভা, কুষ্টিয়া।

বিষয় ঃ- হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটি কর্তৃক কুষ্টিয়া পৌরসভার ২০১৭-২০১৮ অর্থ বৎসরের নিরীক্ষা কার্য সম্পাদন প্রসঙ্গে।

আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ১২/০৮/২০১৮ ইং তারিখ থেকে ১৬/০৮/২০১৮ ইং তারিখ পর্যন্ত ২০১৭-২০১৮ অর্থ বৎসরের হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটি কর্তৃক কুষ্টিয়া পৌরসভার নিরীক্ষা কার্য সম্পাদন করা হবে। উক্ত নিরীক্ষা কার্য সম্পাদন করার জন্য আপনাকে বিশেষ ভাবে অনুরোধ জানানো হল।

স্থান ঃ- মঃ আঃ রহিম মিলনায়তন, কুষ্টিয়া পৌরসভা, কুষ্টিয়া।
সময় ঃ- সকাল ১০.০০ ঘটিকায়।

(মোঃ মতিয়ার রহমান মজনু)
সভাপতি
হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটি
কুষ্টিয়া পৌরসভা, কুষ্টিয়া।

# কুষ্টিয়া পৌরসভা, কুষ্টিয়া।

হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটি

তারিখ ঃ- ১২/০৮/২০১৮ তারিখ হতে ১৬/০৮/২০১৮ তারিখ পর্যন্ত।

স্থান ঃ- মঃ আঃ রহিম মিলনায়তন, কুষ্টিয়া পৌরসভা, কুষ্টিয়া।

সময় ঃ- সকাল ১০.০০ ঘটিকার।

উপস্থিত সদস্যদের নাম, কমিটিতে পদবী ও স্বাক্ষর ঃ-

| ক্রমিক নং | নাম | কমিটিতে পদবী | স্বাক্ষর ১২/০৮/১৮ | স্বাক্ষর ১৩/০৮/১৮ | স্বাক্ষর ১৪/০৮/১৮ | স্বাক্ষর ১৬/০৮/১৮ |
|---|---|---|---|---|---|---|
| ১। | জনাব মোঃ মতিয়ার রহমান মজনু | সভাপতি | | | | |
| ২। | জনাব আনোয়ার আলী | সদস্য | | | | |
| ৩। | জনাব খন্দকার মাজেদুল হক | সদস্য | | | | |
| ৪। | জনাব তাসলিমা খাতুন | সদস্য | | | | |
| ৫। | জনাব মমতাজ জাহান | সদস্য | | | | |
| ৬। | জনাব আবুল কালাম আজাদ | সদস্য-সচিব | | | | |
| ৭। | জনাব মোঃ সাইমুন সোহেল | | | | | |

# কুষ্টিয়া পৌরসভা কার্যালয়
## কুষ্টিয়া।

স্মারক নং-কুপৌ/২০১৮/ তারিখঃ / /২০১৮

### নিরীক্ষা প্রতিবেদন

অর্থ বছর ঃ ২০১৭-২০১৮

অডিট এন্ড একাউন্টস স্থায়ী কমিটি বিধি বিধান ও স্মারক নং-এলজিইডি/পিডি/UGIIP-III/F-১৭/২০১৫/১৬৬৭(৩৬) তারিখঃ ২১/০৬/২০১৮ ইং পত্রের আলোকে প্রেরিত নির্দেশাবলী অনুসরণ ও নির্ভরযোগ্য এবং নির্ভূলতা নিশ্চিত করার উদ্দেশ্যে ১২/০৮/২০১৮ ইং থেকে ১৬/০৮/২০১৮ ইং তারিখ পর্যন্ত কুষ্টিয়া পৌরসভার হিসাব শাখা থেকে প্রাপ্ত সকল বিল ভাউচার এবং নথিপত্র পর্যালোচনা পূর্বক ২০১৭-২০১৮ অর্থ বছরের অভ্যন্তরীণ নিরীক্ষা সম্পাদন করা হয়। নিরীক্ষাধীন সময়ে উপস্থিতি ঃ

| ক্রমিক নং | নাম | পদবী |
|---|---|---|
| ১। | জনাব মোঃ মতিয়ার রহমান মজনু | কাউন্সিলর |
| ২। | জনাব আনোয়ার আলী | মেয়র |
| ৩। | জনাব খন্দকার মাজেদুল হক | কাউন্সিলর |
| ৪। | জনাব তাসলিমা খাতুন | কাউন্সিলর |
| ৫। | জনাব মমতাজ জাহান | কাউন্সিলর |
| ৬। | জনাব আবুল কালাম আজাদ | হিসাব রক্ষণ কর্মকর্তা |
| ৭। | জনাব মোঃ সাইমুন সোহেল | হিসাব রক্ষক |

অভ্যন্তরীণ নিরীক্ষা গাইড লাইন অনুসরণ পূর্বক কুষ্টিয়া পৌরসভার অডিট এন্ড একাউন্টস স্থায়ী কমিটির সদস্যদের দ্বারা এই নিরীক্ষা পরিলক্ষিত ও পরিচালিত হয়।

অডিট এন্ড একাউন্টস স্থায়ী কমিটির পক্ষে

(মোঃ মতিয়ার রহমান মজনু)
সভাপতি
অডিট এন্ড একাউন্টস সংক্রান্ত স্থায়ী কমিটি
ও
কাউন্সিলর-১২ নং ওয়ার্ড
কুষ্টিয়া পৌরসভা, কুষ্টিয়া।

অফিস প্রধানের সহিত আলোচনা ঃ

অডিট এন্ড একাউন্টস সংক্রান্ত স্থায়ী কমিটির সদস্যদের সহিত আলোচনা করলাম এবং নিরীক্ষা বিস্তারিত বিবরন অবহিত হলাম।

(আনোয়ার আলী)
মেয়র
কুষ্টিয়া পৌরসভা, কুষ্টিয়া।

# কুষ্টিয়া পৌরসভা কার্যালয়
## কুষ্টিয়া।

অডিট এন্ড একাউন্টস স্থায়ী কমিটি কর্তৃক নিরীক্ষার বিষয় সমূহের তালিকা ঃ


| ক্রমিক নং | নিরীক্ষার বিষয় সমূহ/খাত সমূহ | পৃষ্ঠা নং |
|---|---|---|
| ১। | বাজেট সংক্রান্ত | ০১ |
| ২। | পানির বিল সংক্রান্ত | ০১ |
| ৩। | হোল্ডিং ট্যাক্স সংক্রান্ত | ০২ |
| ৪। | হাট-বাজার ইজারা সংক্রান্ত | ০২ |
| ৫। | দোকান ভাড়া কম আদায় সংক্রান্ত | ০৩ |
| ৬। | বিদ্যুৎ বিল সংক্রান্ত | ০৩ |
| ৭ | টেলিফোন বিল সংক্রান্ত | ০৩ |
| ৮। | বেতন ভাতা সংক্রান্ত | ০৩ |
| ৯। | ভবিষ্য তহবিল সংক্রান্ত | ০৩ |
| ১০। | আনুতোষিক সংক্রান্ত | ০৩ |
| ১১। | ভূমির খাজনা সংক্রান্ত | ০৩ |
| ১২। | বিএমডিএফ সংক্রান্ত | ০৩ |
| ১৩। | ভ্যাট জমা সংক্রান্ত | ০৪ |
| ১৪। | অবচয় নির্ধারন সংক্রান্ত | ০৪ |
| ১৫। | সড়ক বাতি | ০৫ |
| ১৬। | ড্রেন পরিষ্কার | ০৫ |
| ১৭। | ই, পি, আই | ০৬ |
| ১৮। | বিল ভাউচার | ০৬ |
| ১৯। | অভিযোগ বক্স | ০৭ |
| ২০। | ট্রেড লাইসেন্স | ০৭ |
| ২১। | পরিষ্কার পরিচ্ছন্নতা | ০৮ |

## অডিট আপত্তির বিস্তারিত বিবরন ঃ-



### আপত্তি নং ঃ- ০১

শিরোনাম ঃ বাজেটের চেয়ে খরচ কম বেশি করন।

বিষয়বস্তু ঃ ২০১৭-২০১৮ অর্থ বৎসরে পর্যালোচনা করে দেখা যায় যে, বাজেট বরার্দ্দ থেকে কোন খাতেই বেশি অর্থ ব্যয় করা হয়নি এবং প্রকল্পের শর্তানুযায়ী নিয়মনীতি অনুসরন করে পৌর পরিষদে সংশোধিত ও প্রস্তাবিত বাজেট ০৭/০৬/২০১৮ তারিখে পাশ করা হয়।

ফলাফল ঃ সন্তোষজনক।

পৌরসভার জবাব ঃ বাজেট বরার্দ্দ থেকে কোন খাতেই বেশি অর্থ ব্যয় করা হয়নি।

অডিট কমিটির মন্তব্য ঃ জবাব সন্তোষজনক।

### আপত্তি নং ঃ- ০২

শিরোনাম ঃ পানির বিল বকেয়া রয়েছে।

বিষয়বস্তু ঃ ২০১৭-২০১৮ অর্থ বৎসরে পর্যালোচনা করে দেখা যায় যে, মোট দাবী = ৩,২৩,২৯,৯৮০/- টাকা, আদায় = ২,৯৩,৬৯,৮৭৩/- টাকা, আদায়ের হার ৯০.৫৩% যদিও আদায়ের হার সন্তোষজনক তবুও ২৯,৬০,১০৭/- টাকা পানির বিল বকেয়া রয়েছে।

ফলাফল ঃ পৌরসভার আর্থিক ক্ষতি।

পৌরসভার জবাব ঃ আদায় প্রক্রিয়া অব্যাহত রয়েছে। সমুদয় অর্থ আদায় করে পৌর তহবিলে জমা করা হবে। অতএব, আপত্তিটি নিস্পত্তির জন্য অনুরোধ করা হল।

অডিট কমিটির মন্তব্য ঃ জবাব সন্তোষজনক। বকেয়া অর্থ আদায়ের জন্য জোর প্রচেষ্টা চালানোর জন্য সুপারিশ করা হল।

সুপারিশ ঃ নির্দিষ্ট অর্থ বৎসরেই সমুদয় অর্থ আদায় করা উচিৎ। বকেয়া অর্থ আদায় করে অডিট কমিটিতে উপস্থাপন করার জন্য অনুরোধ করা হল।

আপত্তি নং ঃ- ০৩

শিরোনাম ঃ হোল্ডিং ট্যাক্স বকেয়া।

বিষয়বস্তু ঃ ২০১৭-২০১৮ অর্থ বৎসরে পর্যালোচনা করে দেখা যায় যে, মোট দাবী = ৫,৮৬,৬৩,৭৫৪/- টাকা, আদায় = ৫,০০,৬৪,২৭৯/- টাকা, আদায়ের হার ৮৫.৩৪% যদিও আদায়ের হার সন্তোষজনক তবুও ৮৫,৯৯,৪৭৫/- টাকা হোল্ডিং ট্যাক্স বকেয়া রয়েছে।

ফলাফল ঃ পৌরসভার আর্থিক ক্ষতি।

পৌরসভার জবাব ঃ আদায় প্রক্রিয়া অব্যাহত রয়েছে। সমুদয় অর্থ আদায় করে পৌর তহবিলে জমা করা হবে। অতএব, আপত্তিটি নিষ্পত্তির জন্য অনুরোধ করা হল।

অডিট কমিটির মন্তব্য ঃ জবাব সন্তোষজনক। বকেয়া অর্থ আদায়ের জন্য জোর প্রচেষ্টা চালানোর জন্য সুপারিশ করা হল।

সুপারিশ ঃ নির্দিষ্ট অর্থ বৎসরেই সমুদয় অর্থ আদায় করা উচিৎ। বকেয়া অর্থ আদায় করে অডিট কমিটিতে উপস্থাপন করার জন্য অনুরোধ করা হল।

আপত্তি নং ঃ- ০৪

শিরোনাম ঃ হাট-বাজার ইজারা।

বিষয়বস্তু ঃ পৌরসভার প্রত্যেকটি হাট-বাজার ইজারা দেওয়া হয়েছে। শুধু মাত্র BIDC বাজার খাস আদায় করা হয়েছে। BIDC বাজার ইজারা দেওয়ার জন্য অনুরোধ করা হল।

ফলাফল ঃ সন্তোষজনক।

পৌরসভার জবাব ঃ সঠিক সময়ে হাট-বাজারের ইজারা আদায় করা হয়েছে।

অডিট কমিটির মন্তব্য ঃ হাট-বাজার ইজারার কোন বকেয়া না থাকায় সন্তোষ প্রকাশ করা হয়।

সুপারিশ ঃ পৌরসভার প্রত্যেকটি হাট-বাজার ইজারা দেওয়া উচিৎ।

আপত্তি নং ঃ- ০৫

শিরোনাম ঃ দোকান ভাড়া কম আদায় করায় পৌরসভার রাজস্ব ক্ষতি।

বিষয়বস্তু ঃ ২০১৭-২০১৮ অর্থ বৎসরে পর্যালোচনা করে দেখা যায় যে, মোট দাবী = ১,২৭,৫৮,৪৭২/- টাকা, আদায় = ১,১৭,১০,৯৮৬/- টাকা, আদায়ের হার ৯১.৭৯% যদিও আদায়ের হার সন্তোষজনক তবুও ১০,৪৭,৪৮৬/- টাকা দোকান ভাড়া বকেয়া রয়েছে।

ফলাফল ঃ আদায় সন্তোষজনক ।

পৌরসভার জবাব ঃ আদায় প্রক্রিয়া অব্যাহত রয়েছে। সমুদয় অর্থ আদায় করে পৌর তহবিলে জমা করা হবে। অতএব, আপত্তিটি নিস্পত্তির জন্য অনুরোধ করা হল।

অডিট কমিটির মন্তব্য ঃ জবাব সন্তোষজনক। বকেয়া অর্থ আদায়ের জন্য জোর প্রচেষ্টা চালানোর জন্য সুপারিশ করা হল।

সুপারিশ ঃ নির্দিষ্ট অর্থ বৎসরেই সমুদয় অর্থ আদায় করা উচিৎ।

আপত্তি নং ঃ- ০৬

শিরোনাম ঃ
বিদ্যুৎ বিলঃ- বিদ্যুৎ বিল সময় মত পরিশোধ করায় অডিট কমিটি সন্তোষ প্রকাশ করেছেন।
টেলিফোন বিলঃ- টেলিফোন বিল সময় মত পরিশোধ করায় অডিট কমিটি সন্তোষ প্রকাশ করেছেন।
বেতন ভাতাঃ- বেতন ভাতা সময় মত প্রদান করায় অডিট কমিটি সন্তোষ প্রকাশ করেছেন।
ভবিষ্য তহবিলঃ- ভবিষ্য তহবিল সময় মত প্রদান করায় অডিট কমিটি সন্তোষ প্রকাশ করেছেন।
আনুতৌষিকঃ- আনুতৌষিক সময় মত প্রদান করায় অডিট কমিটি সন্তোষ প্রকাশ করেছেন।
ভূমির খাজনাঃ- ভূমির খাজনা সময় মত পরিশোধ করায় অডিট কমিটি সন্তোষ প্রকাশ করেছেন।
বিএমডিএফঃ- বিএমডিএফ সময় মত পরিশোধ করায় অডিট কমিটি সন্তোষ প্রকাশ করেছেন।

বিষয়বস্তু ঃ ২০১৭-২০১৮ অর্থ বৎসরে পর্যালোচনা করে দেখা যায় যে, বিদ্যুৎ বিল টেলিফোন বিল, বেতন ভাতা, ভবিষ্য তহবিল, আনুতৌষিক, ভূমির খাজনা ও বিএমডিএফ এর কোন প্রকার অর্থ বকেয়া নেই।

ফলাফল ঃ সন্তোষজনক ।

পৌরসভার জবাব ঃ সমুদয় অর্থ সময় মত পরিশোধ করা হয়।

অডিট কমিটির মন্তব্য ঃ জবাব সন্তোষজনক।

সুপারিশ ঃ নির্দিষ্ট অর্থ বৎসরেই সমুদয় অর্থ পরিশোধ করা উচিৎ।

আপত্তি নং ঃ- ০৭

শিরোনাম ঃ ভ্যাট জমা না করায় সরকারের রাজস্ব ক্ষতি।

বিষয়বস্তু ঃ ২০১৭-২০১৮ অর্থ বৎসরে পর্যালোচনা করে দেখা যায় যে, ১২,০৬৩/- টাকা ভ্যাট জমা করা হয়নি।

| ক্রমিক নং | বিবরন | ভাউচার নং | তারিখ | টাকা |
|---|---|---|---|---|
| ১। | স্থায়ী কমিটির আপ্যায়ন | ১৬৭২ | ১০/০৫/১৮ | ৩০০০/- |
| ২। | মনোহারী মালামাল ক্রয় | ২০১১<br>২০১২ | ১১/০৬/১৮ | ২৩৬৫/- |
| ৩। | বিবিধ মালামাল ক্রয় | ২০১৩ | ১১/০৬/১৮ | ১২৪৮/- |
| ৪। | ঈদগাহ কমিটির আপ্যায়ন | ১৯৮২ | ২৪/০৬/১৮ | ৭৫০/- |
| ৫। | ২১ ফেব্রুয়ারী/১৮ উৎযাপন | ২০১৭ | ২৭/০৬/১৮ | ৫০২৫/- |
| | | | মোট = | ১২৩৮৮/- |

ফলাফল ঃ সরকারের রাজস্ব ক্ষতি ।

পৌরসভার জবাব ঃ অতিসত্ত্বর ভ্যাট জমা প্রদান করা হবে।

অডিট কমিটির মন্তব্য ঃ জবাব সন্তোষজনক নয়। কারণ বিল প্রদান করার সময়ই সরকারী কোষাগারে জমা করা উচিৎ ছিল।

সুপারিশ ঃ বিল প্রদান করার সময়ই সরকারী কোষাগারে ভ্যাট জমা করার জন্য অনুরোধ করা হল এবং অনাদায়ী ভ্যাট আদায় করে সরকারী কোষাগারে জমা করতঃ চালানের কপি নিরীক্ষা কমিটির নিকট উপস্থাপন করার জন্য অনুরোধ করা গেল।

আপত্তি নং ঃ- ০৮

শিরোনাম ঃ অবচয় নির্ধারনের জন্য সুপারিশ।

বিষয়বস্তু ঃ ২০১৭-২০১৮ অর্থ বৎসরে পর্যালোচনা করে দেখা যায় যে, অবচয় তহবিলে থোক অর্থ অবচয় হিসাবে স্থানান্তর করা হয়েছে। নিয়ম কানুন সঠিক ভাবে অনুসরন করা আবশ্যক।

ফলাফল ঃ নিয়ম সঠিক ভাবে অনুসরন করা হয়নি।

পৌরসভার জবাব ঃ নিয়ম অনুযায়ী অবচয় নির্ধারণ প্রক্রিয়া অব্যাহত রয়েছে।

অডিট কমিটির মন্তব্য ঃ নিয়ম অনুযায়ী অবচয় নির্ধারণ করার জন্য সুপারিশ করা হল।

সুপারিশ ঃ নির্দিষ্ট অর্থ বৎসরেই সকল যন্ত্রপাতি ও আসবাবপত্রের অবচয় নির্ধারণ করা উচিৎ। সকল প্রকার যন্ত্রপাতি ও আসবাবপত্রের অবচয় নির্ধারণ করে অডিট কমিটিতে উপস্থাপন করার জন্য অনুরোধ করা হল।

আপত্তি নং ঃ- ০৯

শিরোনাম ঃ সড়ক বাতি

বিষয়বস্তু ঃ ২০১৭-২০১৮ অর্থ বৎসরে পর্যালোচনা করে দেখা যায় যে, শহরের ভিতর পর্যাপ্ত পরিমান সড়ক বাতি আছে কিন্তু নতুন এলাকায় এখনও সড়ক বাতি স্থাপন করা হয়নি।

ফলাফল ঃ জন ভুগান্তি।

পৌরসভার জবাব ঃ নতুন এলাকায় সড়ক বাতি স্থাপনের জন্য পল্লি বিদ্যুতের কোন তার না থাকায় সড়কে বাতি লাগানো সম্ভব হয়নি তবে তার লাগানোর জন্য পল্লি বিদ্যুৎ সমিতির সাথে যোগাযোগ অব্যাহত আছে।

অডিট কমিটির মন্তব্য ঃ জবাব সন্তোষজনক।

সুপারিশ ঃ নতুন এলাকায় সড়ক বাতি স্থাপন করার সুপারিশ করা হল।

আপত্তি নং ঃ- ১০

শিরোনাম ঃ ড্রেন পরিস্কার।

বিষয়বস্তু ঃ ২০১৭-২০১৮ অর্থ বৎসরে পর্যালোচনা করে দেখা যায় যে, শহরের বড় বড় ড্রেন গুলো নিয়মিত পরিস্কার করা হয়। কিন্তু অলিগলির ভিতর ছোট ছোট ড্রেনগুলো অনেক সময় পরিস্কার করতে বিলম্ব হয়।

ফলাফল ঃ জন ভুগান্তি।

পৌরসভার জবাব ঃ এরপর থেকে নিয়মিত ভাবে ছোট বড় সব ড্রেন পরিস্কার করা হবে।

অডিট কমিটির মন্তব্য ঃ ছোট বড় সকল ড্রেন সময় মত পরিস্কার করতে হবে।

সুপারিশ ঃ ছোট বড় সকল ড্রেনই পরিস্কারের ব্যাপারে বিলম্ব না করার সুপারিশ করা হল।

আপত্তি নং ঃ- ১১

শিরোনাম ঃ ই, পি, আই।

বিষয়বস্তু ঃ ২০১৭-২০১৮ অর্থ বৎসরে পর্যালোচনা করে দেখা যায় যে, পৌরসভার সব এলাকাতেই ই, পি, আই কর্ম সূচি পালন করা হয়েছে। তবে নতুন এলাকায় অনেক সময় কর্ম সম্পাদনে বিঘ্ন সৃষ্টি হচ্ছে।

ফলাফল ঃ জন ভুগান্তি।

পৌরসভার জবাব ঃ ই, পি, আই কর্ম সূচি সকল এলাকায় সঠিক ভাবে পালন করার জন্য পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।

অডিট কমিটির মন্তব্য ঃ ই, পি, আই কর্ম সূচি চালিয়ে যাওয়ার জন্য সুপারিশ করা হল।

আপত্তি নং ঃ- ১২

শিরোনাম ঃ বিল ভাউচার।

বিষয়বস্তু ঃ ২০১৭-২০১৮ অর্থ বৎসরের বিভিন্ন বিল ভাউচার পরীক্ষা করে দেখা যায় যে, সকল বিল ভাউচারে মেয়র মহোদয় ও সচিবের স্বাক্ষর আছে। শুধু মাত্র কিছু বিল ভাউচারে রেভিনিউ স্ট্যাম্প লাগানো হয়নি।

ফলাফল ঃ সরকারের রাজস্ব ক্ষতি।

পৌরসভার জবাব ঃ ভুলবশত কিছু বিল ভাউচারে রেভিনিউ স্ট্যাম্প লাগানো হয়নি। তাৎক্ষনিক ভাবে রেভিনিউ ষ্ট্যাম্প লাগানো হল।

অডিট কমিটির মন্তব্য ঃ এরপর থেকে সব বিল ভাউচারে রেভিনিউ স্ট্যাম্প লাগানোর সুপারিশ করা হল।

আপত্তি নং ঃ- ১৩

শিরোনাম ঃ অভিযোগ বক্স।

বিষয়বস্তু ঃ ২০১৭-২০১৮ অর্থ বৎসরে পর্যালোচনা করে দেখা যায় যে, পৌরসভায় একটি অভিযোগ বক্স আছে।

ফলাফল ঃ সন্তোষজনক।

পৌরসভার জবাব ঃ পৌরসভার জনগণ তাদের অভিযোগ অভিযোগ বক্সের মাধ্যমে পৌর কতৃপক্ষকে অবহিত করে এবং পৌর কর্তৃপক্ষ তাৎক্ষনিক ভাবে তা সমাধান করে।

অডিট কমিটির মন্তব্য ঃ অভিযোগ বক্সের অভিযোগ গুলো আরো দক্ষতার সাথে সমাধানের সুপারিশ করা হল।

আপত্তি নং ঃ- ১৪

শিরোনাম ঃ ট্রেড লাইসেন্স।

বিষয়বস্তু ঃ ২০১৭-২০১৮ অর্থ বৎসরে পর্যালোচনা করে দেখা যায় যে, শহরের ভিতর অধিকাংশ ইজিবাইক ও ইঞ্জিন চালিত রিক্সা লাইসেন্স বিহীন।

ফলাফল ঃ পৌরসভার রাজস্ব ক্ষতি।

পৌরসভার জবাব ঃ ইতিমধ্যে নিয়মিত ভাবে ইজি বাইক ও ইঞ্জিন চালিত রিক্সা লাইসেন্সের জন্য জোর প্রচেষ্টা চালানো হচ্ছে।

অডিট কমিটির মন্তব্য ঃ যত দুর সম্ভব শহরে যাতে যানজটের সৃষ্টি না হয় সে দিকে লক্ষ রেখে ইজি বাইক ও ইঞ্জিন চালিত রিক্সা লাইসেন্স প্রদানের সুপারিশ করা হল।

সুপারিশ ঃ এভাবে অবৈধ ইজি বাইক ও ইঞ্জিন চালিত রিক্সা শহরের ভিতর চলাচল করলে শহরে যানজোট সৃষ্টি করতে থাকবে। বিধায় সুনির্দিষ্ট নিয়ম কানুনের মাধ্যমে লাইসেন্স প্রদানের অনুরোধ করা হল।

আপত্তি নং ঃ- ১৫ 

শিরোনাম ঃ পরিষ্কার পরিচ্ছন্নতা।

বিষয়বস্তু ঃ ২০১৭-২০১৮ অর্থ বৎসরে পর্যালোচনা করে দেখা যায় যে, শহরের সব স্থান নিয়মিত ভাবেই পরিষ্কার করা হয়। কিন্তু নতুন এলাকায় পরিষ্কার করতে বিলম্ব হয়।

ফলাফল ঃ জন ভুগান্তি।

পৌরসভার জবাব ঃ এখন থেকে নতুন পুরাতন সব এলাকায় সময় মত পরিষ্কার করা হবে।

অডিট কমিটির মন্তব্য ঃ নিয়মিত শহর পরিষ্কার করার সুপারিশ করা হল।

সুপারিশ ঃ এর পর থেকে পৌর এলাকা নিয়মিত ভাবে পরিষ্কার করার জন্য অনুরোধ করা হল।

অডিট কমিটি সার্বিক ভাবে পৌর সভার কার্যক্রম পরিচালনায় সন্তোষ প্রকাশ করেন।